

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(২০২১ ইং সনের ৯৬নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, শারীরিক উপস্থিতি ব্যাতিরেকে অদ্য ২৯শে এপ্রিল, ২০২১ইং রোজ বৃহস্পতিবার হইতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত -“আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (১১নং আইন, ২০২০)” এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত “প্রাকটিস ডাইরেকশন” অনুসরণ করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে শুধু ভারুয়াল উপস্থিতির মাধ্যমে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ সমূহ গঠন করা হইল :

১। বিচারপতি মামনুন রহমান

এবং

বিচারপতি খোন্দকার দিলীপজ্জামান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

২। বিচারপতি এম, ইনায়েতুর রহিম

এবং

বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত অতীব জরুরী রীট ও ফৌজদারী মোশন এবং অতীব জরুরী সকল প্রকার রীট মোশন গ্রহন করিবেন; আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত; যেকোন বেঞ্চে কর্তৃক প্রদেয় রুল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ/রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৩। বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন

এবং

বিচারপতি খিজির হায়াত


একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৪। বিচারপতি জে. বি. এম. হাসান

এবং

বিচারপতি রাজিক আল জলিল

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

  
প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ- ২৯/০৪/২০২১ইং

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি মামনুন রহমান
- ২। বিচারপতি এম, ইনায়েতুর রহিম
- ৩। বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন
- ৪। বিচারপতি জে. বি. এম. হাসান
- ৫। বিচারপতি রাজিক আল জলিল
- ৬। বিচারপতি খিজির হায়াত
- ৭। বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর
- ৮। বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামান